গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৮১১২.০১২.১২.০০৬.১৯- ৫৯

তারিখ ঃ ১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## "হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

বিজ্ঞপ্তি নং-০১/২০২০

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাগমারা উপজেলাধীন নিম্নতফশীলভুক্ত হাট-বাজার সমূহ বাংলা ১৪২৭ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত হাট-বাজার ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হতে সরকার কর্তৃক আরোপিত শর্তসম্বলিত দরপত্র/সিডিউল ফরমে সীল মোহরকৃত খামে আহবান করা যাইতেছে। দরপত্র দাতাকে উদ্বৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জামানত হিসাবে দরপত্রের সাথে "উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী'র অনুকূলে জমা দিতে হইবে। ইজারা সংক্রান্ত তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে সিডিউল বিক্রয়ের পূর্ব দিন পর্যন্ত এবং www. bagmara.rajshahi.gov.bd ওয়েব সাইট হইতে জানা যাইবে। দরপত্র সিডিউল নিম্নলিখিত তারিখ অনুযায়ী সকাল ৯.০০ টা হইতে বিকাল ৫.০০ টা পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন দিন গুলিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (স্থানীয় সরকার শাখায়), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী, সহকারী কমিশনার (ভূমি), বাগমারা, রাজশাহী, অফিসার ইন- চার্জ বাগমারা থানা এবং ব্যবস্থাপক সোনালী ব্যাংক ভবানীগঞ্জ শাখা বাগমারা, রাজশাহীর কার্যালয় হইতে ক্রয় করা যাইবে এবং নিম্নবর্ণিত ধার্য্য তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহীতে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

### তফশীল (বাংলা ১৪২৭ সনের হাট-বাজার ইজারা)

উপজেলাঃ বাগমারা, জেলাঃ রাজশাহী

| ক্রমিক সংখ্যা | হাট ইজারের নাম | অবস্থান (ইউনিয়ন) | ৩ বছরের গড় মূল্য | ৬% বৃদ্ধিতে সরকারী মূল্য | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ০৯টা হতে বেলা ০১টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | বটতলী হাট | গোবিন্দপাড়া | ৮,৭৭৭/- | ৯,২৯৩/- | ৫০০/- | ১ম বার ১৬-০২-২০২০ | ১৭-০২-২০২০ |
| ২ | গোবিন্দপাড়া হাট | গোবিন্দপাড়া | ৫৭৩/- | ৬০৮/- | ৫০০/- | ২য় বার ০৩-০৩-২০২০ | ০৪-০৩-২০২০ |
| ৩ | দামনাশ হাট | গোবিন্দপাড়া | ১১,২৪,৮৮৩/- | ১১,৯২,৩৭৬/- | ৩,০০০/- | ৩য় বার ২২-০৩-২০২০ | ২৩-০৩-২০২০ |
| ৪ | নরদাশ হাট | নরদাশ | ১৫,৮০,৬৬৭/- | ১৬,৭৫,৫০৭/- | ৩,৮০০/- | ৪র্থ বার ০৭-০৪-২০২০ | ০৮-০৪-২০২০ |
| ৫ | হাটমাধনগর হাট | নরদাশ | ১,৪৩,০১৭/- | ১,৫১,৫৯৮/- | ১,০০০/- | ৫ম বার ২৮-০৪-২০২০ | ২৯-০৪-২০২০ |
| ৬ | বাঁধের হাট | নরদাশ | ৮১,২১০/- | ৮৬,০৮৩/- | ৫০০/- | | |
| ৭ | জোলাপাড়া হাট | দ্বীপপুর | ১,৯৬,৩৯০/- | ২,০৮,১৪৭/- | ১,২০০/- | | |
| ৮ | দ্বীপুর হাট | দ্বীপপুর | ১৪,৭৫০/- | ১৫,৬৩৫/- | ৫০০/- | | |
| ৯ | বড়বিহানালী হাট | বড়বিহানালী | ৯৬,৬০০/- | ১,০২,৩৯৬/- | ১,০০০/- | | |
| ১০ | খালিশপুর হাট | বড়বিহানালী | ২,৯৩৪/- | ৩,১১০/- | ৫০০/- | | |
| ১১ | খালগ্রাম হাট | আউচপাড়া | ৫৮,১৩৪/- | ৬১,৬২১/- | ৫০০/- | | |
| ১২ | মুগাইপাড়া হাট | আউচপাড়া | ৩,২১০/- | ৩,৪০৩/- | ৫০০/- | | |
| ১৩ | হাটগাঙ্গোপাড়া হাট | আউচপাড়া | ১৭,৮৬,৬৬৯/- | ১৮,৯৩,৮৮৭/- | ৪৪০০/- | | |
| ১৪ | কুঠিবাড়ী হাট | শ্রীপুর | ৫৫,১০০/- | ৫৮,৬০৪/- | ৫০০/- | | |
| ১৫ | দ্বীপনগর হাট | বাসুপাড়া | ২,৭৬৩/- | ২,৯৩০/- | ৫০০/- | | |
| ১৬ | নন্দপুর (চিকাবাড়ী হাট) | বাসুপাড়া | ১৭,১৬৭/- | ১৮,১৯৭/- | ৫০০/- | | |
| ১৭ | মোহাম্মদপুর হাট | বাসুপাড়া | ১০,৪২০/- | ১১,০৪৫/- | ৫০০/- | | |
| ১৮ | জ্যোতিনগঞ্জ হাট | বাসুপাড়া | ৪৬,৮০০/- | ৪৯,৬০৮/- | ৫০০/- | | |
| ১৯ | পীরগঞ্জ হাট | কাচারী কোয়ালীপাড়া | ২৬,৮৭৫/- | ২৮,৪৮৮/- | ৫০০/- | | |
| ২০ | বাঁইগাছা হাট | শুভডাঙ্গা | ১৬,৯৫০/- | ১৭,৯৬৭/- | ৫০০/- | | |
| ২১ | মচমইল হাট | শুভডাঙ্গা | ৭৫,২৭,১৬৭/- | ৭৯,৭৮,৭৯৭/- | ১৬,৬০০/- | | |
| ২২ | শিকদারী হাট | মাড়িয়া | ২১,৮১,১৬৭/- | ২৩,১২,০৩৭/- | ৫,৪০০/- | | |
| ২৩ | যাত্রাগাছী হাট | মাড়িয়া | ৩৪,৮৩৪/- | ৩৬,৯২৩/- | ৫০০/- | | |
| ২৪ | মোহনগঞ্জ হাট | গনিপুর | ৩১,৮৩,৫০০/- | ৩৩,৭৪,৫১০/- | ৭,৪০০/- | | |
| ২৫ | হাসনিপুর হাট | গনিপুর | ৩৪,৭৮,১০০/- | ৩৬,৮৬,৭৮৬/- | ৮,০০০/- | | |
| ২৬ | একডালা হাট | গনিপুর | ১০,২০,৬৬৭/- | ১০,৮১,৯০৭/- | ২,৮০০/- | | |
| ২৭ | বাগমারা হাট | গনিপুর | ২,৫৫,৫০০/- | ২,৭০,৮৩০/- | ১,২০০/- | | |
| ২৮ | বাজেকোলা হাট | গনিপুর | ৬,১৭০/- | ৬,৫৪০/- | ৫০০/- | | |
| ২৯ | পোড়াকয়া হাট | গনিপুর | ৩,৬১৭/- | ৩,৮৩৪/- | ৫০০/- | | |
| ৩০ | রনশিবাড়ী হাট | ঝিকরা | ১,৭৭,৮০২/- | ১,৮৮,৪৭০/- | ১,০০০/- | | |
| ৩১ | ঝিকরা হাট | ঝিকরা | ১,০৭,৬৩৯/- | ১,১৪,০৯৮/- | ১,০০০/- | | |
| ৩২ | মদাখালী হাট | ঝিকরা | ২১,১৬৭/- | ২২,৪৩৭/- | ৫০০/- | | |
| ৩৩ | মধ্যঝিনা হাট | ঝিকরা | ৩৫,২৩৫/- | ৩৭,৩৪৯/- | ৫০০/- | | |
| ৩৪ | গোয়ালকান্দি হাট | গোয়ালকান্দি | ১৮,৩৪৮/- | ১৯,৪৪৯/- | ৫০০/- | | |
| ৩৫ | কনোপাড়া হাট | গোয়ালকান্দি | ৫০৭/- | ৫৩৭/- | ৫০০/- | | |
| ৩৬ | হামিরকুৎসা হাট | হামিরকুৎসা | ১২,৮৭,০৬৭/- | ১৩,৬৪,২৯১/- | ৩,৪০০/- | | |
| ৩৭ | অর্জুনপাড়া হাট | হামিরকুৎসা | ৪,২৩৩/- | ৪,৪৮৭/- | ৫০০/- | | |
| ৩৮ | তাল ঘোরিয়া হাট | হামিরকুৎসা | ১৫,০৩৩/- | ১৫,৯৩৫/- | ৫০০/- | | |
| ৩৯ | বীরকুৎসা হাট | যোগীপাড়া | ৭৮.২২৭/- | ৮২,৯২০/- | ৫০০/- | | |
| ৪০ | নখোপাড়া হাট | যোগীপাড়া | ২২,৬৭৮/- | ২৪,০৩৯/- | ৫০০/- | | |
| ৪১ | যাতাপুকুর হাট | যোগীপাড়া | ২৫,৭৮৭/- | ২৭,৩৩৪/- | ৫০০/- | | |
| ৪২ | ভটখালী হাট | যোগীপাড়া | ১,৮৮৮/- | ২,০০২/- | ৫০০/- | | |
| ৪৩ | ভাগনদী হাট | যোগীপাড়া | ৭২,৭১৭/- | ৭৭,০৮০/- | ৫০০/- | | |
| ৪৪ | শিমলা হাট | সোনাডাঙ্গা | ৬৬,২৬৫/- | ৭০,২৪১/- | ৫০০/- | | |

বিশেষ শর্তাবলীঃ

১। বাংলা ১৪২৭ সনের ১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্র দাতা কে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা রাজশাহীর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা(জামানত) জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট সংশ্লিষ্ট কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি অবশ্যই একই সঙ্গে জমা দিতে হইবে। অন্যথায় ইজারার জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হইলে পুনঃরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, মোবাইল নং ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করিবেন।

৮। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীল মোহর কৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট,আয় কর সহ) পরিশোধের তিন কার্যাদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার ননজ্যুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হইবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০।০১।২০২০

(শরিফ আহম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।
ফোন-০৭২২২৫৬০০১
email:unobagmara@mopa.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৮১১২.০১২.১২.০০৬.১৯- ৫৭

তারিখ ঃ ১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ(জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(০২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
(০৩) জেলা প্রশাসক, রাজশাহী।
(০৪) পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
(০৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
(০৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
(০৭) অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক/রাজস্ব) রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

(০৮) উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী তাঁকে ধার্য্য তারিখে টেন্ডার বাক্স স্থাপন ও যথাযথ ভাবে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হল।
(০৯) উপজেলা নির্বাহী অফিসার,......................................................(সকল), রাজশাহী।
(১০) সহকারী কমিশনার(ভূমি), বাগমারা, রাজশাহী।
(১১) মেয়র/চেয়ারম্যান...................................................পৌরসভা/ইউনিয়ন পরিষদ, তাহেরপুর/ভবানীগঞ্জ বাগমারা রাজশাহী।
(১২) উপজেলা .......................................অফিসার, বাগমারা, রাজশাহী।
(১৩) অফিসার ইন-চার্জ, বাগমারা থানা, রাজশাহী।
(১৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ভবানীগঞ্জ শাখা, বাগমারা, রাজশাহী।
(১৫) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................................................ইউনিয়ন ভূমি অফিস,বাগমারা, রাজশাহী তাকে তার এলাকাধীন হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারান্তে প্রতিবেদন দাখিলের জন্য বলা হল।
(১৬) ইজারাদার.......................................হাট বাজার, বাগমারা, রাজশাহী তাকে বিজ্ঞপ্তিটি তার হাটে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
(১৭) সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.......................................................পত্রিকা ঢাকা/রাজশাহী। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় এক দিনের জন্য (৪" X ৮") সল্প পরিসরে ভিতরের পাতায় কাটা অংশ বাদে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৩০।০১।২০২০

(শরিফ আহম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।
ফোন-০৭২২২৫৬০০১
email:unobagmara@mopa.gov.bd

This document was created with Win2PDF available at http://www.win2pdf.com.
The unregistered version of Win2PDF is for evaluation or non-commercial use only.
This page will not be added after purchasing Win2PDF.